রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৩০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: **১৬ আষাঢ়**, ১৪২৭ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৮০-আইন/২০২০/১২০-মূসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর—

(ক) উপ-বিধি (১) এর "হ্রাসকৃত হারের" শব্দগুলির পরিবর্তে "হ্রাসকৃত হার বা সুনির্দিষ্ট করের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর ছক এর কলাম (১) এর ক্রমিক নং ৪১, ৪২ ও ৪৩ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত যথাক্রমে, সেবার কোড "S৯৯.২০", "S৯৯.৩০" ও "S০৯৯.৬০" এর পরিবর্তে যথাক্রমে, সেবার কোড "S০৯৯.২০", "S০৯৯.৩০" ও "S০৯৯.৫০" প্রতিস্থাপিত হইবে;

মূল্য ঃ টাকা ৪.০০

Downloaded from www.taxvatpoint.com

(২) বিধি ৬ এর—

(ক) উপ-বিধি (১) এর "সমন্বিত" শব্দ বিলুপ্ত হইবে;

(খ) উপ-বিধি (৪) এর "নিবন্ধিত ব্যক্তি হইলে," শব্দগুলি ও কমা এবং "উৎসে কর্তনকারী অনিবন্ধিত ব্যক্তি হইলে, উৎসে কর্তিত মূসক জমা প্রদানের জন্য ট্রেজারি চালানে অর্থনৈতিক কোড "১/১১৩৩/ সরবরাহকারীর সংশ্লিষ্ট কমিশনারেটের কোড/০৩১১" লিখিতে হইবে।" শব্দগুলি, কমা, চিহ্নগুলি ও সংখ্যাগুলি বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন
প্রথম সচিব (মূসক নীতি)।

Downloaded from www.taxvatpoint.com

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

Downloaded from www.taxvatpoint.com